Finding out more - questions to ask as my child joins their new Primary school

আরও বেশি জানা - আমার সন্তান যখন তার নতুন প্রাথমিক বিদ্যালয়ে যোগদান করবে তখন যে সব প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে হবে

Supporting your child as they start at a new school in a new country can be challenging. We have put together a number of questions that you *might* want to ask before your child starts their education here.

নতুন একটি দেশে নতুন একটি স্কুলে পঠন-পাঠন শুরু করার ব্যাপারে আপনার সন্তানকে সাহায্য করার কাজটি বেশ কঠিন কাজ। আপনার সন্তান এখানে তার পঠন-পাঠন শুরু করার আগে আপনি জানতে চাইতে *পারেন* এমন কয়েকটি প্রশ্ন আমরা এখানে একত্রিত করেছি।

Not all the questions listed will be relevant to you and your child. Similarly, not everything that you want to know more about will be shown as a question below.

এখানে প্রদত্ত সবকটি প্রশ্নই আপনার এবং আপনার সন্তানের জন্য প্রাসঙ্গিক হবে না। অনুরূপভাবে, আপনি আরও যা যা জানতে চান তার সবকিছুই এখানে প্রশ্ন আকারে না-ও দেখতে পেতে পারেন।

School wants to build a good relationship with you so you can both work together to support your child's progress. You are encouraged to ask questions.

বিদ্যালয়ের উদ্দেশ্য হচ্ছে আপনার সঙ্গে সুসম্পর্ক গড়ে তোলা, যাতে করে আমরা সম্মিলিতভাবে আপনার সন্তানের উন্নতিতে সাহায্য করতে পারি। আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করতে উত্সাহিত করা হচ্ছে।

Uniform **বিদ্যালয়ের পোশাক**
Where can I buy school uniform? আমি কোথা থেকে বিদ্যালয়ের পোশাক কিনতে পারব?
What are the rules about headscarves? মাথার স্কার্ফের (হিজাব) ব্যাপারে নিয়মগুলি কী কী?
What PE kit does my child need? আমার সন্তানের কোন ধরনের PE কিটের প্রয়োজন?

Lunch **দুপুরের খাবার**
How much money do I need to provide for school meals each day? প্রতিদিন বিদ্যালয়ে দুপুরের খাবারের জন্য আমাকে কত টাকা দিতে হবে?
What is available for lunch? দুপুরের খাবারে কী কী থাকবে?
Is there a halal lunch option? হালাল খাবারের বিকল্প থাকবে কী?
How do I apply for free school meals? বিনামূল্যে বিদ্যালয়ের খাবার পাবার জন্য আমি কীভাবে আবেদন করব?
Can my child bring their own food? আমার সন্তান কি তার নিজের খাবার নিয়ে যেতে পারবে?

©Copyright Rochdale Borough Council

Travel **যাতায়াত**
Where can I find out about bus routes? বাসের যাত্রাপথগুলির ব্যাপারে আমি কোথা থেকে জানতে পারব?
Where do I drop off and collect my child every day? আমি কোথায় প্রতিদিন আমার সন্তানকে ছাড়ব এবং কোথা থেকে তাকে নেব?
Can my child walk home alone from school? আমার সন্তান কি বিদ্যালয় থেকে একা হেঁটে বাড়ি ফিরতে পারে?

Communicating with school **বিদ্যালয়ের সঙ্গে যোগাযোগ**
If my child is ill, or cannot attend school, how do I communicate with school? আমার সন্তান যদি অসুস্থ হয়, বা স্কুলে যোগ দিতে না পারে, তাহলে আমি কীভাবে তা স্কুলকে জানাব?
Are their opportunities for me to speak with my child's teacher other than at parents evening? অভিভাবকদের সঙ্গে সান্ধ্যকালীন বৈঠক ছাড়াও কি আমি আমার সন্তানের শিক্ষক/শিক্ষিকার সঙ্গে কথা বলা সুযোগ পাব?
If I am struggling to speak with school is it possible to access an interpreter? আমার যদি স্কুলের সঙ্গে কথা বলার ক্ষেত্রে অসুবিধা হয়, তাহলে একজন দোভাষীর সাহায্য পাওয়া কি সম্ভব?

Parents Evening **অভিভাবকদের সঙ্গে সন্ধ্যকালীন বৈঠক**
What happens at parents evening? অভিভাবকদের সঙ্গে সান্ধ্যকালীন বৈঠকে কী হয়?
Will an interpreter be available for parents evening? অভিভাবকদের সঙ্গে সান্ধ্যকালীন বৈঠকে কি একজন দোভাষী উপস্থিত থাকবেন?
Should I bring my child with me to parents evening? অভিভাবকদের সঙ্গে সান্ধ্যকালীন বৈঠকে কি আমি আমার সন্তানকে সঙ্গে নিয়ে যেতে পারি?

Homework **বাড়ির কাজ**
What sort of homework will my child get? আমার সন্তানকে কী ধরনের বাড়ির কাজ দেওয়া হবে?
How much homework will my child get? আমার সন্তানকে কী পরিমাণ বাড়ির কাজ দেওয়া হবে?
Can my child get help with homework in school?

©Copyright Rochdale Borough Council

আমার সন্তান কি তার বাড়ির কাজের জন্য তার স্কুল থেকে কোন সাহায্য পাবে?

How can I best support my child with their homework?
আমি আমার সন্তানকে তার বাড়ির কাজ করায় কীভাবে সবচেয়ে ভালভাবে সাহায্য করতে পারি?

Learning
শিক্ষাগ্রহণ

How will you support my child to learn English?
ইংরেজি শেখার ব্যাপারে আপনারা আমার সন্তানকে কীভাবে সাহায্য করবেন?

How will you respond if my child struggles in class?
ক্লাসে আমার সন্তানের যদি অসুবিধে হয় তাহলে আপনারা কীভাবে তাতে সাড়া দেবেন?

How can I help my child to learn?
আমি কীভাবে আমার সন্তানের শিক্ষাগ্রহণে সাহায্য করতে পারি?

How do you measure academic success?
আপনার কীভাবে শিক্ষাগত সাফল্যের পরিমাপ করেন?

What will my child study?
আমরা সন্তান কী কী পড়বে?

Extra-curricular activities
পাঠক্রম-বহির্ভুত কার্যক্রম

What opportunities are available after school for my child e.g. sports, clubs?
স্কুলের পর আমার সন্তানের জন্য কী কী সুযোগ থাকবে যেমন খেলাধুলো, ক্লাব?

Are there any costs involved in taking part in extra-curricular activities?
পাঠক্রম-বহির্ভুত কার্যক্রমগুলিতে অংশগ্রহণের জন্য কি কোন ব্যয় বহন করতে হবে?

Other
অন্যান্য

Can my child bring a mobile phone to school?
আমার সন্তান কি স্কুলে মোবাইল ফোন নিয়ে যেতে পারে?

What will happen if my child gets bullied?
আমার সন্তানকে যদি উত্পীড়ন করা হয় তাহলে কী হবে?

Who provides the books and stationary for my child to use at school?
স্কুলে যে সমস্ত বই-খাতা ও অন্যান্য জিনিসগুলি আমার সন্তান ব্যবহার করবে সেগুলি তাকে কে দেবে?

©Copyright Rochdale Borough Council